



কালিনিগ্রাদে হামলা হলে পারমাণবিক অস্ত্র ব্যবহারের হুঁশিয়ারি পুতিনের



প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ছবি: সংগৃহীত

কালিনিগ্রাদে সরাসরি হামলা হলে রাশিয়া তার অস্ত্রভাণ্ডারে থাকা সব ধরনের অস্ত্র ব্যবহারের পথে যেতে পারে বলে সতর্ক করেছেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এর মধ্যে পারমাণবিক অস্ত্রও থাকতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন তিনি।

বৃহস্পতিবার (১ অক্টোবর) মস্কোতে ভালদাই ডিসকাশন ক্লাবের এক অনুষ্ঠানে পশ্চিমাদের উদ্দেশে এ সতর্কবার্তা দেন পুতিন। তিনি বলেন, ইউরোপের কোনো দেশ আক্রমণের পরিকল্পনা রাশিয়ার নেই। তবে রাশিয়ার বিরুদ্ধে আগ্রাসন হলে পাল্টা জবাব দেওয়া হবে।

পুতিনের বক্তব্যের আগে বাল্টিক সাগরে কালিনিগ্রাদের কাছে ন্যাটোর সামরিক মহড়া এবং রুশ নৌযান আটকানোর চেষ্ঠাকে কেন্দ্র করে উত্তেজনা বাড়ার কথা জানিয়েছিল মস্কো। গত সেপ্টেম্বরেও কালিনিগ্রাদকে আকাশ বা সমুদ্রপথে অবরুদ্ধের যেকোনো উদ্যোগের জবাব দেওয়ার হুঁশিয়ারি দিয়েছিল রাশিয়া।

রাশিয়ার মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন কালিনিগ্রাদ বাল্টিক সাগরের তীরে অবস্থিত। অঞ্চলটির একদিকে ন্যাটোর সদস্য পোল্যান্ড ও অন্যদিকে লিথুয়ানিয়া থাকায় রাশিয়া-ন্যাটো উত্তেজনায় এটি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ।